

খিলগাঁওয়ে স্থায়ী ক্যাম্পাসে ঘাত্রা শুরু করল সোনারগাঁও^১ ইউনিভার্সিটি

নিজস্ব সংবাদদাতা, ডেমরা, ঢাকা

প্রকাশিত: ১৭:৩১, ৩ মে ২০২৫



ছবি: জনকর্তা

বাজধানীর খিলগাঁওয়ের বাবুর জায়গা এলাকায় সোনারগাঁও ইউনিভার্সিটির (এসইউ) স্থায়ী
ক্যাম্পাসে শিক্ষা কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। শনিবার (৩ মে) দুপুরে
ইউনিভার্সিটি প্রাঙ্গণে জমকালো আয়োজনে এ অনুষ্ঠান সম্পন্ন হয়।



অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এসইউ'র উপাচার্য প্রফেসর শামীম আরা হাসান এবং সঞ্চালনা করেন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক সাদিয়া তাসনিম বর্ষা। শুভেচ্ছা বক্তব্য দেন ইউনিভার্সিটির ডিন প্রফেসর আল আমিন মোল্লা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্চুরি কমিশন (ইউজিসি) ও বেসরকারি বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগের পরিচালক ড. মো. সুলতান মাহমুদ ভুঁইয়া। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন ইউনিভার্সিটির উপদেষ্টা আজিজুল বারী (শিপু), সাংবাদিক লায়ন মীর আব্দুল আলিম, ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ একরামুল ইসলাম, ডিএসসিসি'র ৭৫ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর মো. আকবর হোসেন। আরো উপস্থিত ছিলেন শিক্ষক, শিক্ষার্থী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিগণ।



বক্তারা বলেন, রাজধানীর মূল শহর থেকে কিছুটা বিচ্ছিন্ন কৃষিনির্ভর এই এলাকায় একটি বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা একটি যুগান্তকারী পদক্ষেপ। এখান থেকে শুধু শিক্ষার আলো ছড়াবে না, বরং এই প্রতিষ্ঠানকে কেন্দ্র করে গড়ে উঠবে সর্বাধুনিক স্কুল, কলেজ ও মাদ্রাসা। বক্তারা আশাবাদ ব্যক্ত করেন, সোনারগাঁও ইউনিভার্সিটি ঢাকার পূর্বাঞ্চলে শিক্ষা বিস্তারের মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মকে যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলবে।